টুইটার একাউন্ট হ্যাকের অভিযোগে বঙ্গভবনে জামায়াতের প্রতিনিধি দল



ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্ট হ্যাক করে নারীবিদ্বেষমূলক পোস্ট ছড়ানোর অভিযোগ তুলেছে দলটি। এ ঘটনায় আনুষ্ঠানিক প্রতিবাদ জানাতে এবং বিষয়টি নিয়ে আলোচনার জন্য একটি প্রতিনিধি দল বঙ্গভবনে যাচ্ছে।

মঙ্গলবার বিকেল ৪টায় কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও পরিকল্পনাবিদ সিরাজুল ইসলামের নেতৃত্বে তারা সেখানে অভিযোগ উপস্থাপন করবেন।জামায়াতের দাবি, বঙ্গভবনের একটি সরকারি ই-মেইল ব্যবহার করে ফিশিং মেইলের মাধ্যমে এই সাইবার হামলা চালানো হয়েছে।

‘Case-Study-Election.accdr’ শিরোনামের একটি ফাইল ‘আর্জেন্ট’ উল্লেখ করে পাঠানো হয় এবং সেখানে একাধিক জ্যেষ্ঠ নেতাকে সিসিতে রাখা ছিল। ওই ফাইলে ক্লিক করার পরই অ্যাকাউন্টে অনুপ্রবেশ ঘটে বলে অভিযোগ তাদের। সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য মাহমুদুর রহমান দাবি করেন, হ্যাকিংয়ের সঙ্গে সংশ্লিষ্ট কয়েকটি বার্তা ওই সরকারি ই-মেইল থেকেই পাঠানো হয়েছিল।

assistantprogrammer@bangabhaban.gov.bd ঠিকানা থেকে পাঠানো ই-মেইলের সূত্রেই অ্যাকাউন্টটি হ্যাকারদের নিয়ন্ত্রণে যায় এবং স্বল্প সময়ের মধ্যে বিতর্কিত পোস্ট প্রকাশিত হয় বলে দলটির সূত্রে জানা যায়। গত শনিবার বিকেলে অল্প সময়ের জন্য অ্যাকাউন্টটি হ্যাকড ছিল এবং বিষয়টি বুঝতে পারার পর প্রায় ৪৫ মিনিটের মধ্যে তারা তা পুনরুদ্ধার করেন।

জামায়াতের ভাষ্য অনুযায়ী, পোস্টটি আমির বা তার টিমের কেউ দেননি; রাজনৈতিকভাবে বিব্রত করা ও ভাবমূর্তি ক্ষুণ্ন করাই ছিল এ হামলার উদ্দেশ্য।